# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 11-03-2026** **Time: 1.30 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ বলেছেন, সুসংহত ভবিষ্যতের লক্ষ্যে জল সংরক্ষণকে অভ্যাস নয়, জীবন ধারণের পন্থা হিসেবে গ্রহণ করতে হবে।

২)প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কোচিতে অখিল কেরালা ধীবর সভার ৫০ বছর পূর্তি সম্মেলনে বলেন, গত ৫০ বছরে তারা দেশে মৎস্যজীবিদের অধিকার রক্ষায় কাজ চালিয়ে যাচ্ছে।

৩) রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, দেশের স্বয়ংক্রিয় রেল সুরক্ষা ব্যবস্থা কবজের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে।

৪) নতুন করে সেনা অভিযান শুরু হওয়ায় পশ্চিম এশিয়ায় গত কয়েকঘন্টায় সংঘাত আরো ঘনীভূত হয়েছে।

৫) মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, ৫০ বছরের মধ্যে এই প্রথম আমেরিকা তৈল শোধনগার পেতে চলে চলেছে। বিনিয়োগ করবে রিলান্স ইন্ডাস্ট্রি।

৬) সুপ্রিম কোর্ট দেশে এই প্রথম ইউথানসিয়া বা পরোক্ষভাবে স্বেচ্ছা মৃত্যুর অনুমতি দিয়েছে।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ আজ নতুন দিল্লীতে ২০২৬ এর জল মহোতসবে যোগ দেন। কেন্দ্রীয় জল শক্তিমন্ত্রী  সি আর পাতিল, মন্ত্রকের প্রতিমন্ত্রী ভি সোমানা এবং রাজ ভূষন চৌধুরী সেখানে উপস্থিত ছিলেন।  অনুষ্ঠানে শ্রীমতি মূর্মূ বলেন, জল সংরক্ষণ প্রতিটি নাগরিকের কর্তব্য। জলকে এক অমূল্য সম্পদ হিসেবে গ্রহণ করতে হবে। সুসংহত ভবিষ্যতের লক্ষ্যে জল সংরক্ষণকে অভ্যাস নয়, জীবন ধারণের পন্থা হিসেবে গ্রহণ করতে হবে বলে রাষ্ট্রপতি মতপ্রকাশ করেন।

(বাইট রাষ্ট্রপতি)

রাষ্ট্রপতি বলেন, নল জল মিত্র প্রকল্পের অধীনে জলের সরবরাহ বজায় রাখতে কার্যকর সহযোগী হিসেবে স্বনির্ভর গোষ্ঠীর গ্রামীণ যুবা এবং মহিলাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এই উদ্যোগ শুধুমাত্র জল সংরক্ষণের ক্ষেত্রে নয়, গ্রামীণ এলাকায় কর্মসংস্থানের অর্থবহ সুযোগ তৈরী করবে।

------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেরলমের কোচিতে অখিল কেরালা ধীবর সভার ৫০ বছর পূর্তি সম্মেলনে যোগ দেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, গত ৫০ বছরে ধীবর সভা দেশে মতস্যজীবিদের অধিকার রক্ষায় কাজ চালিয়ে যাচ্ছে। তিনি ধীবর সভার সব মতস্যজীবিদের অভিনন্দন জানান।

(বাইট- মোদী)

উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেরালাম ও তামিলনাড়ু সফর করছেন। কেরালামের এর্নাকুলামে প্রধানমন্ত্রী প্রায় ১০ হাজার ৮-শো কোটি টাকার একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

এরপর তামিলনাড়ুর তিরুচিরাপল্লিতে প্রধানমন্ত্রী প্রায় ৫ হাজার ৬-শো ৫০ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করবেন। এগুলির মধ্যে রয়েছে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস পরিকাঠামো, গ্রামীণ যোগাযোগ এবং মহাসড়ক উন্নয়নের মতো গুরুত্বপূর্ণ একাধিক ক্ষেত্র।

নতুন পাঁচটি ট্রেন পরিষেবারও সূচনা হবে। আমাদের সংবাদদাতা জানিয়েছেন এই ট্রেনগুলির মধ্যে রয়েছে দুটি অমৃতভারত এক্সপ্রেস। এই ট্রেনগুলি তামিলনাড়ু ও অন্ধ্রপ্রদেশের মধ্যে যোগাযোগ ব্যবস্থাকে আরও সুগম করে তুলবে।

------------------------

এদিকে, লোকসভায় আজ অধ্যক্ষ ওম বিড়লার অপসারণের বিষয়ে আনা প্রস্তাব নিয়ে পুনরায় আলোচনা হওয়ার কথা। কংগ্রেস সাংসদ ডঃ মহম্মদ জায়েদ গতকাল লোকসভায় এই প্রস্তাবটি উত্থাপন করে বলেন, অধ্যক্ষ, বিরোধী দলনেতাদের সভায় বক্তব্য রাখতে দেননি এবং বিরোধী দলের মহিলা সাংসদদের বিরুদ্ধে অযৌক্তিক অভিযোগ তুলেছেন। শ্রী বিড়লা সভার সব অংশের আস্থা অর্জনের জন্য প্রয়োজনীয় নিরপেক্ষ মনোভাব বজায় রাখতে ব্যর্থ হয়েছেন বলেও তিনি মন্তব্য করেন।

প্রস্তাবের বিরোধিতা করে কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেন, অধ্যক্ষ নিরপেক্ষ আচরণই করেছেন। তিনি বলেন, এই সভায় বক্তব্য রাখার জন্য কারোর অনুমতির প্রয়োজন নেই বলে বিরোধী দলনেতা রাহুল গান্ধী যে মন্তব্য করেছিলেন তার প্রেক্ষিতেই লোকসভার অধ্যক্ষ হস্তক্ষেপ করেছিলেন। সভায় বক্তব্য রাখার জন্য সবাইকেই সভাপতির অনুমতি নিতে হবে বলেও তিনি উল্লেখ করেন। শ্রী

রিজিজু বলেন, ভারতীয় জনতা পার্টির কোনও সদস্য কখনও এমন কোনও কাজও করেননি, যা সভার মর্যাদাহানিকর।

-------------------------

ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তিমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, ভারতের ইন্টারনেট পরিষেবা বিশ্বের মধ্যে সবচেয়ে বেশি সুলভ ও সাশ্রয়ী। তিনি আজ লোকসভায় অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলেন, দেশে ইন্টানেটে শুল্ক হার বিশ্বের মোট গড়ের তুলনায় প্রায় ২৫ শতাংশ কম। গত এক দশকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ডিজিটাল ইন্ডিয়া উদ্যোগের মাধ্যমে তিনটি প্রধান ডিজিটাল ক্ষেত্রের অন্তর্ভুক্তি করেছেন। যার ফলে এই পরিষেবা আরও সম্প্রসারিত হয়েছে। ২০১৪ সালে ভারতে যেখানে ২৫ কোটি মানুষের কাছে ইন্টারনেট পরিষেবা পৌঁছেছিল, বর্তমানে সেই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে – ১-শো তিন কোটি।

(বাইট – অশ্বিনী বৈষ্ণো/ইন্টারনেট)

-------------------------

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, দেশের স্বয়ংক্রিয় রেল সুরক্ষা ব্যবস্থা কবজের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। তিনি লোকসভায় আজ অতিরিক্ত প্রশ্নে উত্তরে বলেন, জটিল এই কবজ ব্যবস্থার আওতায় ৮ হাজার ৫৭০ কিলোমিটার এলাকায় অপটিক্যাল ফাইভার কেবল বসানো হয়েছে। ১ হাজার ১-শোটি টেলি যোগাযোগ টাওয়ার ও ৬৭-টি স্টেশন ডেটা কেন্দ্র চালু করা হয়েছে। শ্রী বৈষ্ণ আরও বলেন, ৯০-এর দশকে এই কবজ বসানো কাজ শুরু হওয়া উচিত ছিল। কিন্তু তখন তা হয়নি। ২০১৪ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কার্যভার গ্রহণের পর এই কবজের কাজ শুরু করেন।

(বাইট – বৈষ্ণ)

আর একটি প্রশ্নের উত্তরে অশ্বিনী বৈষ্ণ বলেন, বন্য প্রাণ সংরক্ষণে বিভিন্ন ব্যবস্থা নিয়েছে। এর মধ্যে আছে আন্ডার ও ওভারপাস তৈরি, অপটিক্যাল ফাইবার কেবল এবং হাতি সহ বন্যপ্রাণীদের সুরক্ষায় এ আই ক্যামেরা বসানো।

এর আগে পশ্চিম এশিয়ার পরিস্থিতির এলপিজির দাম বৃদ্ধি নিয়ে আলোচনার দাবিতে লোকসভার অধিবেশন বেলা ১২ টা পর্যন্ত মুলতুবি করে দিতে হয়।

------------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় কর্কট রোগ ও তার প্রতিরোধ। আজ শুনবেন দ্বিতীয় পর্ব। বিশিষ্ট ক্যান্সার বিশেষজ্ঞ ড শংকর নাথের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব শুনবেন রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

------------------------

নতুন করে সেনা অভিযান শুরু হওয়ায় পশ্চিম এশিয়ায় গত কয়েকঘন্টায় সংঘাত আরো ঘনীভূত হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কম্যান্ড জানিয়েছে, হরমুজ প্রনালীর কাছে জলপথে মাইন বসাতে সক্ষম ১৬টি ইরানী জলযানকে তাদের নৌ সেনা ধ্বংস করে দিয়েছে। ইরাণ তেলবাহী জাহাজ ধ্বংসের লক্ষ্যে জলপথে মাইন পাতছে বলে রিপোর্ট আসার পরই এই আক্রমণ।

এদিকে, মার্কিন বিদেশসচিব পিটার হেগসেথ জানিয়েছেন, বর্তমান পরিস্থিতিতে লড়াই আরো সঙ্কটপূর্ণ হতে পারে। আমেরিকা ও ইজরায়েলী সেনার দাবী সংঘর্ষ শুরু হওয়ার পর থেকে এখনো পর্যন্ত ইরাণের ৫ হাজার স্থানে হামলা চালানো হয়েছে। ইরাণের ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ ক্ষমতা প্রায় শেষ। যদিও তেহেরান এই খবরের কোনো সত্যতা স্বীকার করেনি। ইরাণও লাগাতার ড্রোন ও ক্ষেপনাস্ত্রের মাধ্যমের পাল্টা জবাব দিয়ে যাচ্ছে। কাতারের দোহা থেকে বিস্ফোরণের শব্দ পাওয়া গেছে। কুয়েত জানিয়েছে তাঁদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থাপনা ৮ টি ড্রোন ধ্বংস করেছে। সংযুক্ত আরব আমীরশাহীর পরিস্তিতি অবশ্য এখন স্থিতিশীল।

চলতি পরিস্থিতিতে বিশ্ব বাজারে অপরিশোধিত তেলের দাম কয়েকগুন বাড়িয়ে দিয়েছে। তবে গত কয়েকদিনের পরিস্থিতি থেকে কমে ব্যারেল প্রতি তেলের দাম দাঁড়িয়েছে ৮৯ ডলার। বিঘ্নিত হচ্ছে আন্তর্জাতিক উড়ান পরিষেবাও।

------------------------

কিউবায় জ্বালানীর অপ্রতুলতা তীব্র আকার নিয়েছে। ফলে ওই দ্বীপরাষ্ট্রে স্বাস্থ্যব্যবস্থা গভীর সমস্যার মুখে পড়েছে, তৈরী হয়েছে মানবিক সঙ্কট। রাষ্ট্রসঙ্ঘের মানবিক সহায়তা বিষয়ক দপ্তর বলেছে, হাসপাতালগুলিতে কিছুক্ষন অন্তরই বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হচ্ছে। প্রয়োজনীয় ওষুধপত্রও মিলছে না, জরুরী সরঞ্জাম ব্যবহার করতে অসুবিধা হচ্ছে। একই সঙ্গে নবজাতক ও প্রসূতি বিভাগ সহ জরুরী পরিষেবা বাধাপ্রাপ্ত হচ্ছে। ওষুধ বা ইঞ্জেকশনের ক্ষেত্রে কোল্ড চেইন মেনে চলা সম্ভব হচ্ছে না। জ্বালানীর অভাবে অ্যাম্বুলেন্স চালানোও দুরূহ হয়ে পড়েছে। মার্কিন প্রশাসন গত মাসে জানিয়েছে সামান্য পরিমাণে তেল কিউবাতে ঢুকতে দেওয়া হলেও তা শুধুমাত্র বেসরকারী কোম্পানী গুলিকে বিক্রি করতে হবে। সরকারকে তা দেওয়া যাবে না।

ওয়াশিংটন এর আগেই ভেনেজুয়েলা থেকে কিউবায় তেল পাঠানো বন্ধ করে দেয়। রাষ্ট্রসঙ্ঘের মুখপাত্র জানিয়েছেন, সেদেশে অবিচ্ছিন্ন পরিষেবা বজায় রাখতে আমেরিকা সহ সদস্য দেশগুলির সঙ্গে যোগাযোগ রাখা হচ্ছে।

------------------------

পশ্চিম এশিয়ার সংঘর্ষের প্রেক্ষিতে হরমুজ প্রণালী দিয়ে বাণিজ্যিক জাহাজ চলাচল বন্ধ হয়ে যাওয়ার পথে। ট্যাঙ্কার চলাচলও কমে গেছে অন্তত ৮০ শতাংশ। পরিস্থিতি স্বাভাবিক হওয়ার অপেক্ষায় বর্তমানে প্রায় দেড়শোটি ট্যাঙ্কার সেখানে নঙ্গর করে আছে । সেগুলিতে আনুমানিক ১৬ বিলিয়ান লিটার তেল রয়েছে । কমপক্ষে ১০-টি বাণিজ্যিক জাহাজকে ড্রোণ দিয়ে আঘাত করা হয়েছিল। অন্যদিকে, পারস্য উপ-সাগরে বেতার যোগাযোগ বন্ধ হয়ে যাওয়ায় বিপদ আরও বেড়ে গেছে।

------------------------

বিদেশমন্ত্রকের পশ্চিম বিষয়ক সচিব সিবি জর্জ, জেনেভায়, আন্তর্জাতিক টেলিযোগাযোগ সংগঠন – আই টি ইউ সচিব ডরিন বগডান-মার্টিনের সঙ্গে বৈঠক করেছেন। সুরক্ষিত, নিরবচ্ছিন্ন, এবং অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল পরিকাঠামো বিষয়ে আন্তর্জাতিক ক্ষেত্রে সহযোগিতা জোরদার করার লক্ষ্যে তাঁরা কথা বলেন।

------------------------

ইরানের বিদেশমন্ত্রকের মুখপাত্র ইসমাইল বাকাই শ্রীলঙ্কার গল উপকূল থেকে প্রায় ৪০ নটিক্যাল মাইল দূরে একটি মার্কিন ডুবোজাহাজের টর্পেডো হামলায় আই আর আই এস দেনার ডুবে যাওয়ার ঘটনায় নিহত নাবিকদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের এই পদক্ষেপকে যুদ্ধাপরাধ এবং আন্তর্জাতিক আইন লঙ্ঘন বলে

অভিহিত করেছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে বাকাই বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্র ইচ্ছাকৃতভাবে নাবিকদের উদ্ধার অভিযানে বাধা দিয়েছে। ইরানি জনগণ এই জঘন্য অপরাধ কখনও ক্ষমা করবে না।

-------------------------

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, ৫০ বছরের মধ্যে এই প্রথম আমেরিকায় তৈল শোধনগার পেতে চলে চলেছে। রিলায়েন্স ইন্ডাস্ট্রি এখানে বিনিয়োগ করবে। ট্রাম জানিয়েছেন, এই তৈল শোধনাগারের জন্য রিলায়েন্সের সঙ্গে ৩০ হাজার কোটি মার্কিন ডলারের চুক্তি হয়েছে। একে 'ঐতিহাসিক চুক্তি' বলে বর্ণনা করেছেন ট্রাম্প। টেক্সাসের ব্রাউনসভিলে তৈরী হতে চলা এই শোধনাগার দেশের নিরাপত্তাকে শক্তিশালী করার পাশাপাশি আমেরিকার জ্বালানী উৎপাদন বাড়াবে। তবে রিলায়েন্স ইন্ডাস্ট্রির তরফ থেকে এ ব্যাপারে এখনো আনুষ্ঠানিক ভাবে কিছু জানানো হয়নি।

-------------------------

সুপ্রিম কোর্ট দেশে এই প্রথম ইউথানসিয়া বা পরক্ষভাবে স্বেচ্ছা মৃত্যুর অনুমতি দিয়েছে। ৩২ বছরের এক ব্যক্তি ১২ বছরেরও বেশি সময় ধরে কৃত্রিম জীবন দায়ী ব্যবস্থার আওতায় কোমাচ্ছন্ন ছিলেন। হরিশ রানা নামে গাজিয়াবাদের বাসিন্দা পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের ওই ছাত্র ২০১৩-য় পাঁচতলা থেকে বড়ে যান। মাথায় গুরুতর চোট পায়ওয়ার পর অনেক চিকিৎসা করেও তাকে নিরাময় করা যায়নি। দুই বিচারপতি জে পার্দিওয়ালা ও কে বি বিশ্বনাথনের বেঞ্চ দিল্লি এইমস্ কর্তৃপক্ষকে রানার জন্য প্যালিয়েটিভ কেয়ার বা উপশমকারী চিকিৎসার বন্দোবস্ত করতে বলেছেন। যাতে ধীরে

ধীরে তার ডাক্তারি চিকিৎসা ব্যবস্থা বন্ধ করে দেওয়া সম্ভব হয় এবং তিনি নিষ্কৃতি মৃত্যু বরণ করে নিতে পারেন।

এর আগে রানার পরিবারের রিট পিটিশন শোনার পর শীর্ষ আদালত ওই ব্যক্তির বাবা-মায়ের সঙ্গে সাক্ষাৎ করতে চায়। এইমস দিল্লির চিকিৎসকরা রানার মেডিকেল রিপোর্টকে অত্যন্ত দুঃখজনক বলে উল্লেখ করেছিল। রোগীর পরিস্থিতি বিবেচনা করে মেডিকেল বোর্ড প্রাথমিকভাবে জানায় তার সুস্থতার আশা নূন্যতম রয়েছে। গত ডিসেম্বরে বোর্ড জানায় ওই ব্যক্তির অবস্থা অত্যন্ত সংকটজনক। এরপরই ২০২৩-এর শীর্ষ আদালতের নির্দেশিকা মেনে মেডিকেল বোর্ড কৃত্রিম জীবনদায়ী ব্যবস্থা খুলে নেওয়ার পরামর্শ দেয়।

------------------------ ------------------------